# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

কম্পিউটার উপ-বিভাগ

সুত্র নং: ২/২২/১০৫/ 8৮২৪

তারিখঃ ২৪-০১-২০১৯

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

**বিষয়ঃ বিশেষায়িত ব্যাংক থেকে তফসীলি ব্যাংকে রুপান্তরের লক্ষ্যে Share Sale Program এর আওতায় পরিচালিত কার্যক্রম অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সুষ্ঠভাবে পরিচালনা প্রসংগে।**

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

২। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংককে বিশেষায়িত ব্যাংক থেকে তফসীলি ব্যাংকে রুপান্তরের লক্ষ্যে ব্যাংক ও বাহিনীর পক্ষ হতে গৃহীত পরিকল্পনার আওতায় ব্যাংকের পরিশোধিত শেয়ার মূলধন ৪০০ কোটি টাকায় উন্নীত করার জন্য ২ বছর ব্যাপী Share Sale Program নামীয় গৃহীত বিশেষ কর্মসূচীর আওতায় শেয়ার বিক্রয় কার্যক্রম বাস্তবায়ন গত জুলাই/১৮ হতে শুরু হয়েছে।

৩। অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে Share Sale Program পরিচালনার উদ্দেশ্যে ইতোমধ্যে গৃহীত উদ্যোগ সমূহ নিম্নরুপঃ

৩.১ জুলাই-২০১৮ সময়কালে বাহিনীর ১ম ও ২য় শ্রেনীর সকল কর্মকর্তার শেয়ার প্রোফাইল তৈরী করা হয়েছে।

৩.২ জুলাই-২০১৮ সময়কালে বাহিনীর অংগীভূত আনসার সদস্য ব্যতীত সকল কর্মকর্তা/কর্মচারীদের শেয়ার প্রোফাইল তৈরী করা হয়েছে।

৩.৩ আগস্ট-২০১৮ সময়কালে ৪৭,২০০ জন অংগীভূত আনসার সদস্যদের শেয়ার প্রোফাইল তৈরী করা হয়েছে।

৪। শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে শেয়ার ক্রয়ের তথ্য এন্ট্রির পূর্বশর্ত হচ্ছে শেয়ারহোল্ডারদের শেয়ার প্রোফাইল তৈরী করা। এর মাধ্যমে সফটওয়্যার থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রত্যেক শেয়ারহোল্ডারদের নিজ নিজ মোবাইলে SMS এর মাধ্যমে শেয়ার রেজিঃ নম্বর ও পিনকোড প্রেরিত হয়। উক্ত শেয়ার রেজিঃ নং ব্যবহার করে মাসিক শেয়ার ক্রয়ের তথ্য সফটওয়্যারে সংরক্ষন করা হয়। বাহিনীর সদস্যদের মাসিক শেয়ার ক্রয়ের তথ্য শাখা কর্তৃক সহজে সংগ্রহ এবং সফটওয়্যারে দ্রুত Upload করার লক্ষ্যে বহিনীর ফোকাল পয়েন্ট কর্তৃক দুই কলাম বিশিষ্ট Excel শীটের মাধ্যমে শেয়ার ক্রয়ের তথ্য সংগ্রহের নির্দেশনা ইতোপূর্বে প্রদান করা হয়েছে। অংগীভূত আনসার সদস্যদের ক্ষেত্রে শেয়ার প্রোফাইল তৈরীতে সাময়িক বিলম্ব হওয়ায় প্রাথমিকভাবে মাসিক শেয়ার ক্রয়ের ক্ষেত্রে শেয়ার রেজিঃ নম্বরের পরিবর্তে আনসার আইডি দিয়ে Excel শীট সংগ্রহের নির্দেশনা প্রদান করা হয়।

৫। আগস্ট ২০১৮ সময়কালে ৪৭,২০০ জন অংগীভূত আনসার সদস্যদের শেয়ার প্রোফাইল প্রস্তুত করা হয় এবং তৎকালীন সময়ে উক্ত অংগীভূত আনসার সদস্যদের সচল সিম/মোবাইল সমূহে শেয়ার রেজিঃ নম্বর SMS এর মাধ্যমে প্রেরন করা হয়। পরবর্তি সময়ে বিভিন্ন কর্মশালা, ভিডিও কনফারেন্স, ই-মেইল এবং পত্রের মাধ্যমে অংগীভূত আনসার সদস্যদের আনসার আইডির পরিবর্তে শেয়ার রেজিঃ নং এর মাধ্যমে মাসিক শেয়ার ক্রয়ের দুই কলাম বিশিষ্ট Excel শীট সংগ্রহের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি শাখা ব্যবস্থাপকগণ বাহিনীর ফোকাল পয়েন্ট থেকে আনসার আইডি সহ শেয়ার ক্রয়ের তথ্য সংগ্রহ পূর্বক তা সফটওয়্যারে Upload করার জন্য কম্পিউটার উপ-বিভাগে প্রেরণ করছে। ফলে যে সকল অংগীভূত আনসার সদস্যদের শেয়ার প্রোফাইল নেই তাদের মাসিক শেয়ার ক্রয়ের টাকা শাখা জমা হলেও সফটওয়্যারে এন্ট্রি না হওয়ায় তাঁরা কোন SMS পাচ্ছে না। এর ফলে হিসেবে গড়মিল হচ্ছে এবং মাঠ পর্যায়ে কর্মরত আনসার সদস্যদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হচ্ছে। শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি সুষ্ঠভাবে পরিচালনার জন্য প্রশিক্ষণ সহ প্রয়োজনীয় ম্যানুয়াল ও নির্দেশনা প্রদান করা হয়েছে। নিয়মিতভাবে কম্পিউটার উপ-বিভাগের মাধ্যমে মাঠ পর্যায়ে এ সংক্রান্ত সহায়তা প্রদান করা হচ্ছে। এর পরেও মাঠ পর্যায়ে উক্ত সফটওয়্যারটি সুষ্ঠভাবে পরিচালনায় অনীহা দেখা যাচ্ছে।

চলমান পাতা-২

**বিষয়ঃ বিশেষায়িত ব্যাংক থেকে তফসীলি ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে Share Sale Program এর আওতায় পরিচালিত কার্যক্রম অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সুষ্ঠভাবে পরিচালনা প্রসংগে।**

৬। উল্লেখ্য যে, ব্যাংকের সকল শাখায় অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম ও সিবিএস অটোমেশন সহ দাপ্তরিক কার্যক্রম দ্রুত সম্পন্নের লক্ষ্যে কম্পিউটার সামগ্রী (ডেস্কটপ, ল্যাপটপ, স্ক্যানার, প্রিন্টার) সরবরাহ করা হয়েছে। সকল শাখায় ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। শেয়ার সফটওয়্যার পরিচালনার জন্য প্রয়োজনীয় আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে। Share Sale Program পরিচালনার জন্য বাহিনীর ফোকাল পয়েন্টদের ব্যাংকের প্রয়োজনীয় সহায়তার জন্য সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকদের নির্দেশনা ইতোমধ্যে প্রদান করা হয়েছে। বর্ণিত উদ্যোগসমূহ বাস্তবায়নের পরেও মাঠ পর্যায় থেকে মাসিক শেয়ার ক্রয়ের তথ্য সংগ্রহ এবং সফটওয়্যারে তা সংরক্ষনের ক্ষেত্রে বিভিন্ন অনিয়ম ও অনীহা দেখা যাচ্ছে।

৭। এমতাবস্থায়, Share Sale Program সুষ্ঠভাবে পরিচালনা, শেয়ার হোল্ডারদের দ্রুততম সময়ে শেয়ার ক্রয়ের বিষয়টি SMS এর মাধ্যমে নিশ্চিতকরণ এবং সদস্যদের আস্থা অর্জন করার জন্য জরুরীভিত্তিতে নিম্নোক্ত পদক্ষেপ সমূহ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হলোঃ

৭.১ বাহিনীর ফোকাল পয়েন্ট-এর সাথে মাসিক শেয়ার ক্রয় সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক কর্তৃক নিয়মিত যোগাযোগ করা।

৭.২ শেয়ার রেজিঃ নম্বর ছাড়া শেয়ার ক্রয় করা সম্ভব না হওয়ায় ফোকাল পয়েন্টের নিকট থেকে মাসিক শেয়ার ক্রয়ের Excel শীট গ্রহনের পূর্বে উক্ত সময়কালে নতুন সংযোজিত সকল ধরনের আনসার-ভিডিপি সদস্যদের তথ্য সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক কর্তৃক শেয়ার ম্যানেজমেন্ট সফটওয়্যারে শেয়ার প্রোফাইল তৈরী নিশ্চিত করতে হবে।

৭.৩ শেয়ার রেজিঃ নম্বর বিহীন মাসিক শেয়ার ক্রয়ের তথ্য ফোকাল পয়েন্টের নিকট থেকে কোনক্রমেই সংগ্রহ করা যাবে না।

৭.৪ মাসিক শেয়ার ক্রয়ের তথ্য দুই কলাম বিশিষ্ট (Share Reg No ও Share Purchase No) Excel শীটের মাধ্যমে সংগ্রহ করে সংশ্লিষ্ট শাখা কর্তৃক তা সফটওয়্যারে এন্ট্রি নিশ্চিত করতে হবে। পূর্বের ন্যায় কম্পিউটার উপ-বিভাগে তা প্রেরণ করার দরকার নেই।

৭.৫ শেয়ার রেজিঃ নং যথাযথভাবে প্রদান না করলে সফটওয়্যারে শেয়ার ক্রয়ের তথ্য এন্ট্রি করা সম্ভব নয়। এক্ষেত্রে বাহিনীর ফোকাল পয়েন্টের মাধ্যমে সঠিক শেয়ার রেজিঃ নম্বর সংগ্রহ করে শেয়ার ক্রয় নিশ্চিত করতে হবে।

৭.৬ ফোকাল পয়েন্ট ব্যতিত অন্যকোন উৎস থেকে প্রাপ্ত মাসিক শেয়ার ক্রয়ের তথ্য গ্রহনযোগ্য হবে না।

৭.৭ Share Sale Program এর আওতাধীন বাহিনীর সদস্যদের নিকট থেকে এককভাবে তথ্য নিয়ে সফটওয়্যারে তা এন্ট্রি করা যাবে না। তবে এক্ষেত্রে ফোকাল পয়েন্টের অনুমোদন থাকলে তা গ্রহনযোগ্য হবে।

৭.৮ বাহিনীর সদস্যদের শেয়ার সংক্রান্ত যেকোন সেবা তাৎক্ষনিকভাবে নিশ্চিত করতে হবে।

৭.৯ শেয়ারহোল্ডারদের মোবাইল, ঠিকানা, নমিনিসহ অন্যান্য তথ্য পরিবর্তন করতে চাইলে দ্রুততম সময়ে তা নিশ্চিত করতে হবে।

৭.১০ শেয়ারহোল্ডার তাদের শেয়ার রেজি: নম্বর বা পিনকোড ভুলে গেলে সফটওয়্যারের মোবাইল নম্বর বা আনসার আইডি দিয়ে তা খুজেঁ বের করে শেয়ার রেজিঃ নম্বর শেয়ারহোল্ডাকে অবহিত করতে হবে। প্রয়োজনে পুনরায় SMS প্রেরণ করা যেতে পারে।

৭.১১ মৃত শেয়ারহোল্ডারদের ক্ষেত্রে নমিনির মোবাইল ব্যবহার করা যেতে পারে। এক্ষেত্রে শেয়ারহোল্ডারের মৃত্যুর তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

৭.১২ Share Sale Program এর পূর্বে শেয়ার ক্রয় করা থাকলে যথাযথ ডকুমেন্ট (শেয়ার ক্রয়ের মুড়ি, সার্টিফিকেট) প্রদর্শন সাপেক্ষে পূর্বের ক্রয়কৃত শেয়ারের তথ্য এন্ট্রি করা যাবে।

৭.১৩ একজন শেয়ারহোল্ডারের কোনভাবেই একাধিক শেয়ার প্রোফাইল তৈরী করা যাবে না। যদি এরকম কোন শেয়ার হোল্ডার সনাক্ত হয় তবে এক্ষেত্রে একটি শেয়ার প্রোফাইলে তার সকল শেয়ার ক্রয়ের তথ্য হালনাগাদ করে অন্য প্রোফাইলসমূহ ডিলিট করার জন্য শেয়ার রেজিঃ নম্বর ict@ansarvdpbank.gov.bd তে Mail করতে হবে।

চলমান পাতা - ৩

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK



**বিষয়ঃ বিশেষায়িত ব্যাংক থেকে তফসীলি ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে Share Sale Program এর আওতায় পরিচালিত কার্যক্রম অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সুষ্ঠভাবে পরিচালনা প্রসংগে।**

৭.১৪ বাহিনীর কোন সদস্য চাকুরী হতে অব্যহতি নিলে সফটওয়্যারে কোন পরিবর্তন করতে হবে না। তবে নতুনভাবে কোন সদস্য যোগ হলে এবং ইতোপূর্বে শেয়ারক্রয় বা প্রোফাইল না থাকলে তার শেয়ার প্রোফাইল খুলতে হবে।

৭.১৫ ইতোমধ্যে যেসকল অংগীভূত আনসার সদস্যদের শেয়ার ক্রয়ের অর্থ গ্রহন করা হয়েছে কিন্তু প্রোফাইল তৈরী করা হয়নি দ্রুততম সময়ে সংশ্লিষ্ট শাখা কর্তৃক তাদের শেয়ার প্রোফাইল তৈরী এবং উক্ত সময়কালে Share Purchase নিজ দায়িত্বে সফটওয়্যারে এন্ট্রি সম্পন্ন করতে হবে।

৭.১৬ প্রশিক্ষনে বিক্রিত শেয়ারের তথ্য পূর্বের নির্দেশনা অনুযায়ী ১৮ কলাম বিশিষ্ট Excel শীট ও সমপরিমান শেয়ার ক্রয়ের টাকা বাহিনীর ফোকাল পয়েন্টে/সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট থেকে সংগ্রহ করে শাখার লেজারে সংরক্ষন করতে হবে এবং Excel শীটটি সফটওয়্যারে এন্ট্রির জন্য প্রশিক্ষনের নাম, স্থান ও তারিখ উল্লেখ পূর্বক ict@ansarvdpbank.gov.bd তে ই-মেইল করতে হবে।

৭.১৭ Share Sale Program নির্বিঘ্ন করতে ইতোমধ্যে শেয়ার সার্ভারের Space বৃদ্ধি ও অন্যান্য কারিগরী ত্রুটি সমাধান করা হয়েছে। এমতাবস্থায়, অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ব্যবহারের জন্য পূর্বের প্রদত্ত লিংকের বদলে www.payiio.com/avub ব্যবহার করতে হবে।

অনুমোদনক্রমে,

২৪/০৭/১৯
মোঃ মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক
ফোন: 9347615
ই-মেইল: gmoperation@ansarvdpbank.gov.bd

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। মহাব্যবস্থাপক মহোদয়ের সচিবালয় (প্রশাসন)/(অপারেশন), আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। উপ-পরিচালক(ওয়েলফেয়ার), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বহিনী, সদর দপ্তর, খিলগাও, ঢাকা।
৪। সকল সহকারী মহাব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাক।
৫। শেয়ার উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৭। নথি/মহানথি।

২৪/০৭/১৯
মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট